

বেসরকারি ছয় ভাসিটির অভিযোগ তদন্ত হচ্ছে

ট্রাস্টি বোর্ডের দ্বন্দ্ব, সার্টিফিকেট জালিয়াতিসহ নানা অনিয়ম

■ নিজামুল হক

ট্রাস্টি বোর্ডের দ্বন্দ্ব, সার্টিফিকেট জালিয়াতিসহ নানা অনিয়মের অভিযোগে অভিযুক্ত ছয় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে তদন্ত করছে বিশ্ববিদ্যালয়

মহুরি কমিশন (ইউজিসি)। এগুলো হল ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ডিটোরিয়া ইউনিভার্সিটি, এশিয়ান ইউনিভার্সিটি, ইবাইস ইউনিভার্সিটি, নর্থসাইথ ইউনিভার্সিটি এবং অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ইতিমধ্যে এসব বিশ্ববিদ্যালয়গুলোতে সরেজমিনে গিয়ে তথ্য সংগ্রহ করেছে কমিশন। এর মধ্যে নর্থসাইথ ও অতীশ দীপঙ্কর বিশ্ববিদ্যালয়ের সম্পর্কে তথ্য চেয়ে গণবিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

সংশ্লিষ্টরা বদমায়েন, খুব দীর পতিতে এতদে তদন্তের কাজ। নর্থসাইথ ইউনিভার্সিটি ছাড়া অন্য সব বিশ্ববিদ্যালয়ের তদন্ত কাজ শুরু হয়েছে দুই-তিন মাস বা তারও আগে। কিন্তু তদন্ত কাজ এখনো শেষ হয়নি। এ বিষয়ে ইউজিসির পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয়) পৃষ্ঠা ২ কলাম ৬

বেসরকারি ছয়

২৪ পৃষ্ঠার পর

শামসুল আলম বলেন, কাজ স্বাভাবিক পতিতেই এগোচ্ছে। তদন্ত কাজ শেষ করে তদন্ত প্রতিবেদন সুপারিশসহ শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে।

ইউজিসির এক কর্মকর্তা জানান, অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে অভিযোগ এর ট্রাস্টি বোর্ডের সদস্যের মধ্যে দ্বন্দ্ব। এ বিশ্ববিদ্যালয় সম্পর্কে তথ্য চেয়ে গণবিজ্ঞপ্তি জারি করা হলেও কেউ কোন তথ্য দিতে আসেনি। এই বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের বিরোধের কারণে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি হলে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে কমিশন। কমিশনের, এক কর্মকর্তা বলেন, এ বিশ্ববিদ্যালয়ের একটি ট্রাস্টি বোর্ড ডেডে দুটি হয়েছে।

ইবাইস ইউনিভার্সিটির দ্বন্দ্ব মাদিকানা নিয়ে। দুই ব্যক্তি এ প্রতিষ্ঠানের মাদিকানা দাবি করছে। আর এ বিরোধের কারণে অস্থিতিশীল হচ্ছে শিক্ষার্থীরা। প্রকৃত মাদিকানার বিষয়টি খতিয়ে দেখছে কমিশন।

সার্টিফিকেট জালিয়াতিসহ নানা অভিযোগ রয়েছে এশিয়ান ইউনিভার্সিটির বিরুদ্ধে। বিশ্ববিদ্যালয়ের ডিসি কোন নিয়ম না বেনে একক সমতাবাসে কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। নির্ধারিত শিক্ষার্থীর চেয়ে নিয়ম না বেনে অতিরিক্ত শিক্ষার্থীকে সার্টিফিকেট দেয়াসহ নানা অনিয়মের অভিযোগও রয়েছে এ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে। ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতেও মাদিকানা নিয়ে দ্বন্দ্ব রয়েছে। বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার শুরু থেকেই এ বিরোধ চলাইছে।

গত ৩১ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় ইবাইস, অতীশ দীপঙ্কর ও ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাদিকানার দ্বন্দ্ব আগামী তিন মাসের মধ্যে নিরসন করে শিক্ষা মন্ত্রণালয় ও মহুরি কমিশনকে অবহিত করতে বলা হয়েছে। অন্যথায় বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ৩৫ (৭) ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়।

সম্প্রতি নর্থসাইথ ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের দ্বন্দ্ব এবং ট্রাস্টি বোর্ডের এক সদস্যের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ উঠেছে। এ নিয়ে ইউজিসিতে অভিযোগ দেয়া হয়। অভিযোগ তদন্তের অংশ হিসাবে ইতিমধ্যে গণবিজ্ঞপ্তিও জারি করা হয়েছে।

অন্যদিকে দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের বিষয়ে গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিশনের রিপোর্ট ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছে। ইউজিসির এক কর্মকর্তা জানান, প্রতিবেদন ও সুপারিশ মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছে। এখন এ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার এখতিয়ার একমাত্র মন্ত্রণালয়ের। কমিশনের এক কর্মকর্তা জানান, চারটি গ্রুপ এ বিশ্ববিদ্যালয়কে নিজেদের বলে দাবি করে শিক্ষার্থী ভর্তি করে। এ কারণে হাজার হাজার শিক্ষার্থীকে বিপাকে পড়তে হয়। এ কারণে শিক্ষার্থীদের বিষয়টি বিবেচনা করে একটি বিচারবিভাগীয় তদন্ত কমিশন গঠন করে শিক্ষা মন্ত্রণালয়।